

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ ॥ ৬ জন আহত

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ৭ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী ছাত্রদলের দু'গ্রুপের মধ্যকার সংঘর্ষে উভয় গ্রুপের ৬ জন ছাত্র মারা- আকতাবে আহত হয়ে কুষ্টিয়া ও ঝিনাইদহ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এদের মধ্যে জাকির হোসেনের অবস্থা গুরুতর। দীর্ঘদিন ধরে জাতীয়তাবাদী ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে নেতৃত্ব কোন্দল চলছিল। ৬ই জুলাই এবারের সম্মেলনে বিজয়ী গ্রুপ এবং পরাজিত গ্রুপের সাদ্দাম হলে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষের সূত্রপাত হয়। উভয়পক্ষ আগ্নেয়াস্ত্রসহ বিভিন্ন প্রকার ধারালো অস্ত্র ব্যবহার করে। সম্মেলনে বিজয়ী গ্রুপ পরাজিত গ্রুপের একজন কর্মী জাকিরের রুমে হামলা করে এবং সে সময় তারা প্রধানমন্ত্রীর ছবিও ভাঙচুর করে বলে সম্মেলনে পরাজিত গ্রুপ ডিসি'র নিকট প্রদত্ত স্বাক্ষরিতপত্রে উল্লেখ করেছে।

হল কর্তৃপক্ষ সন্ধ্যা ৭টা হতে রাত ৯টা পর্যন্ত সাদ্দাম হল তল্লাশি করে দু'টি হাতুড়ি ও দু'টি কিরিচ উদ্ধার করেন। ক্যাম্পাসে ধর্মতথ্যে অবস্থা বিরাজ করছে।